

Visit of Vice President of India to Gabon, Senegal and Qatar (May 30-June 07, 2022)

May 26, 2022

ভারতের উপরাষ্ট্রপতির গ্যাবন, সেনেগাল ও কাতার সফর(মে 30- জুন 07, 2022)

মে 26, 2022

উপরাষ্ট্রপতি শ্রী বেঙ্কাইয়া নাইডু 30 মে থেকে 07ই জুন 2022 -এ গ্যাবন, সেনেগাল ও কাতার সফর করবেন। এই সফরে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী ডঃ ভারতী প্রবীণ পাওয়ার এবং সংসদের তিনজন সদস্য শ্রী সুশীল কুমার মোদী (রাজ্য সভা), শ্রী বিজয় পাল সিং তোমর(রাজ্যসভা) এবং শ্রী পি রবীন্দ্রনাথ (লোকসভা) সহ একটি উচ্চপদস্থ প্রতিনিধি দল তার সফর সঙ্গী হবেন।

2. এই তিনটি দেশে এই প্রথম ভারত থেকে উপ রাষ্ট্রপতি পর্যায়ের কোনো সফর হবে। গ্যাবন ও সেনেগালে এটি হবে ভারত থেকে উচ্চ পর্যায়ের প্রথম সফর। গ্যাবন ও সেনেগালে এই সফরটি আফ্রিকার সাথে ভারতের সম্পর্ককে গতি প্রদান করবে এবং আফ্রিকা মহাদেশের প্রতি ভারতের অঙ্গীকারকে জোরদার করবে। যেহেতু দুই পক্ষই তাদের 50 বছরের কূটনৈতিক সম্পর্ক স্থাপন উদযাপিত করার জন্য প্রস্তুত হয়ে আছে তাই কাতার সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও জোরদার করবে। এই তিন দেশে সফরকালে অনেকগুলি দ্বিপাক্ষিক নথি সম্পূর্ণ হবে বলে আশা করা যাচ্ছে।

গ্যাবনে সরকারি সফর (30 মে-01 জুন 2022)

3. উপরাষ্ট্রপতি গ্যাবনে 30শে মে থেকে 01 জুন 2022 সফর করবেন। সফরকালে তিনি গ্যাবনের প্রধানমন্ত্রী হার এক্সেলেম্বি শ্রীমতী রোজ ক্রিস্টিয়ানে ওসৌকা র্যাপোল্ডা র সাথে প্রতিনিধি স্তরে কথাবার্তা বলবেন। উপরাষ্ট্রপতি গ্যাবনের প্রেসিডেন্ট হিজ এক্সেলেম্বি মিস্টার আলি বোঙ্গো ওনডিম্বা এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করবেন। তিনি গ্যাবনের ব্যবসায়ী সম্প্রদায়ের সাথে আলাপ আলোচনা করবেন এবং প্রবাসী ভারতীয়দের উদ্দেশ্যে ভাষণ দেবেন।

4. গ্যাবন হল ভারতের একটি গুরুত্বপূর্ণ শরিক। ভারত ও গ্যাবন উভয় দেশই বর্তমানে ইউএনএসসি-র অস্থায়ী সদস্য। 2021-22 অর্থবর্ষে দ্বিপাক্ষিক বাণিজ্য 1.12 বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছিয়েছে। ভারতের ইন্ডিয়ান টেকনিক্যাল অ্যান্ড ইকোনমিক কোঅপারেশন (আইটিইসি) এবং আইসিসিআর স্কিমের অধীনে বেশ কিছু সংখ্যক গ্যাবোনিজ, স্কলারশিপ/ প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করছে।

সেনেগালে সরকারি সফর (01-03 জুন 2022)

5. উপরাষ্ট্রপতি 01-03 জুন 2022 -এ সেনেগাল সফর করবেন। সফরকালে, তিনি সেনেগালের প্রেসিডেন্ট হিজ এক্সেলেম্বি মিস্টার ম্যাকে সাল -এর সাথে প্রতিনিধি স্তরে কথাবার্তা বলবেন। উপরাষ্ট্রপতি জাতীয়

সংসদের প্রেসিডেন্ট হিজ এক্সেলেন্সি মুস্তাফা নিয়াসে এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তি বর্গের সাথেও সাক্ষাৎ করবেন। তিনি একটি বাণিজ্যিক গোলটেবিল বৈঠকে অংশগ্রহণ করবেন এবং ভারতীয় সম্প্রদায়ের প্রতি ভাষণ প্রদানও করবেন।

6. সেনেগাল বর্তমানে আফ্রিকান ইউনিয়নের সভাপতি। ভারত-সেনেগাল দ্বিপাক্ষিক বাণিজ্য 2021-22 -এ 1.65 বিলিয়ন মার্কিন ডলারে পৌঁছিয়েছে। ভারত বিভিন্ন ক্ষেত্রে 350 মিলিয়ন মার্কিন ডলার অর্থমূল্যের মোট 16টি লাইন অব ক্রেডিট এবং প্রায় 305 মিলিয়ন মার্কিন ডলার অর্থমূল্যের বায়ারস ক্রেডিট প্রদান করেছে। আইটিইসির অধীনে ভারতের ক্ষমতা নির্মাণ প্রশিক্ষণগুলি সেনেগালে জনপ্রিয়। ভারত এবং সেনেগাল, দুই দেশের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 60তম বৎসর উদযাপন করেছে।

কাতারে সরকারি সফর (04-07 জুন 2022)

7. উপ রাষ্ট্রপতি 04-07 জুন 2022 -এ কাতারে থাকবেন। সফরকালে তিনি কাতারের ডেপুটি আমীর হিজ হাইনেস শেখ আবদুল্লা বিন আহমেদ আল থানির সাথে প্রতিনিধি স্তরে কথাবার্তা বলবেন এবং দ্বিপাক্ষিক সহযোগিতার পর্যালোচনা করবেন। আর সফরকালে উপরাষ্ট্রপতি বিভিন্ন বিশিষ্টব্যক্তিবর্গের সাথে সাক্ষাৎ করবেন। কাতারে তিনি একটি বাণিজ্যিক গোলটেবিলেও ভাষণ প্রদান করবেন। উপরাষ্ট্রপতির সফরের সম্মানে একটি গোষ্ঠী অভ্যর্থনার আয়োজন করা হবে যেখানে তিনি কাতারে ভারতের বিভিন্ন সম্প্রদায়ের সদস্যদের উদ্দেশ্যে ভাষণ প্রদান করবেন।

8. জনগণের সাথে জনগণের সংযোগ হল ভারত এবং কাতারের মধ্যে ঐতিহাসিক সম্পর্কের প্রাণকেন্দ্র। কাতারে 750,000 ভারতীয়ের বসবাস। দুই তরফের মধ্যে বহুমুখী সহযোগিতা উল্লেখযোগ্য অর্থনৈতিক, শক্তি, বিনিয়োগ, শিক্ষা, প্রতিরক্ষা ও সংস্কৃতিক বন্ধনের উল্লেখযোগ্য অগ্রগতির সাক্ষী রয়েছে। 2021-22 অর্থবর্ষে দ্বিপাক্ষিক বাণিজ্য 15 বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে। কাতারও গত দুবছর ধরে বিভিন্ন ভারতীয় কোম্পানিগুলিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশী বিনিয়োগ করতে অঙ্গীকার করেছে।

নিউ দিল্লি

মে 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.